ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৩০

আগরতলা, ৪ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'জল প্রকল্পে পাইপলাইনের কাজে দুর্নীতি, জন দুর্ভোগ চরমে' শিরোনামে ১৫ আগস্ট, ২০২৫ তারিখে 'রাষ্ট্রীয় কণ্ঠ' সংবাদপত্রে প্রকাশিত সংবাদ সম্পর্কে দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসন এক স্পষ্টিকরণ দিয়েছে। এতে সংবাদে পরিবেশিত তথ্য ভিত্তিহীন ও বিভ্রান্তিমূলক বলে দাবি করা হয়েছে। স্পষ্টিকরণে বলা হয়েছে সংশ্লিষ্ট কাজটি অনুমোদিত নিয়মাবলী অনুসারেই করা হয়েছে। সংশ্লিষ্ট ঠিকেদারকেও নিয়ম নকশা মেনে, নির্দিষ্ট গভীরতা বজায় রেখে কাজ করার নির্দেশ দেওয়া হয়েছে, যদি না কোন বিশেষ পরিস্থিতি দেখা দেয়।

সাব্রুমের এসডিও জানিয়েছেন যে নেতাজী পল্লীতে ডিটিডব্লিউ-এর ভিত্তিতে অম্রুত-২.০ প্রকল্পের কাজ করতে গিয়ে বহু সমস্যার দেখা দেয় মাটির নীচে থাকা বৈদ্যুতিক তার, পুরানো জলের পাইপ লাইন, ইন্টারনেট ফাইবার ক্যাবল ও অন্যান্য আপতকালীন পরিষেবা লাইনের কারণে। তাই উপযুক্ত হাইড্রোলিক স্লোপ বজায় রাখার জন্য পরিস্থিতি অনুসারে ও জায়গার অবস্থা অনুসারে পাইপলাইনের কাজ করতে হয়েছে।

*******